

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

প্রজাপন

তারিখ : ১৯ ভদ্র, ১৪২১ বঙ্গাব্দ/৩ সেপ্টেম্বর, ২০১৪ খ্রিস্টাব্দ

তামিলএস, আর, ও নং ২২৭-আইন/২০১৪—পার্বত্য চট্টগ্রাম আঘওলিক পরিষদ আইন-১৯৯৮ (১৯৯৮ সনের ১২ নং আইন) এর ধারা ১১ এর স�িত পঠিত উক্ত আইনের ধারা ৪৬ এ প্রদত্ত ক্ষমতাবলে পার্বত্য চট্টগ্রাম আঘওলিক পরিষদ সরকারের পরামর্শদ্রব্যে নিম্নরূপ প্রিধানমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম :

- (১) এই প্রিধানমালা “পার্বত্য চট্টগ্রাম আঘওলিক পরিষদ চেয়ারম্যান ও সদস্যগণের সুযোগ-সুবিধা প্রিধানমালা-১৯৯৯” নামে অভিহিত হইবে।
- (২) চেয়ারম্যান ও সদস্যগণ যে তারিখে দায়িত্বার গ্রহণ করিয়াছেন উক্ত তারিখ হইতে এই প্রিধান বলৱৎ হইবে।

২। সংজ্ঞা —বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে এই প্রিধানমালায়,

- (ক) “পরিষদ” অর্থ পার্বত্য চট্টগ্রাম আঘওলিক পরিষদ;
- (খ) “চেয়ারম্যান” অর্থ পরিষদের চেয়ারম্যান;
- (গ) “সদস্য” অর্থ পরিষদের সদস্য।

৩। চেয়ারম্যানের সুযোগ-সুবিধা :

- (ক) চেয়ারম্যান প্রতিমন্ত্রীর অনুরূপ ভাতা এবং সরকার নির্ধারিত অন্যান্য সুযোগ-সুবিধাদি পাইবেন;
- (খ) চেয়ারম্যান পরিষদ কর্তৃক প্রদত্ত অন্যান্য সুযোগ-সুবিধাদি পাইবেন।

(১৮০৬১)

মূল্য : টাকা ৪.০০

৪। পরিষদের সদস্যগণের সুযোগ-সুবিধা—পরিষদের প্রত্যেক সদস্য নিম্নরূপ সুযোগ-সুবিধাদি পাইবেন :

- (ক) পরিতোষিক প্রতিমাসে ১০,০০০ (দশ হাজার) টাকা পাইবেন;
- (খ) বাড়ী ভাড়া ভাতা—
  - (১) ভাড়া করা বাসায় বসবাস করিলে প্রতিমাসে ৫,০০০(পাঁচ হাজার) টাকা বাড়ী ভাড়া ভাতা পাইবেন।
  - (২) নিজস্ব বাড়ীতে বসবাস করিলেও বাড়ী ভাড়া ভাতা হিসেবে নির্ধারিত ৫,০০০ (পাঁচ হাজার) টাকা পাইবেন;
  - (৩) পরিষদ কর্তৃক বরাদ্দকৃত বাসায় বসবাস করিলে কোনো প্রকার বাড়ী ভাড়া ভাতা পাইবেন না;
  - (৪) নিজস্ব বাড়ীতে বসবাস করিলে বাড়ীর রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ বার্ষিক এককালীন তিন মাসের বাড়ী ভাড়া ভাতা পাইবেন।
- (গ) আপ্যায়ন ভাতা প্রতিমাসে ১,০০০ (এক হাজার) টাকা পাইবেন।
- (ঘ) চিকিৎসা ভাতা প্রতিমাসে ১,০০০ (এক হাজার) টাকা পাইবেন।
- (ঙ) ভ্রমণ ভাতা দেশের অভ্যন্তরে স্থল/জলপথে যে কোনো যানবাহনে সর্বোচ্চ শ্রেণিতে যাতায়াতের ভাড়া অথবা বিমানের ভ্রমণের যাতায়াত ভাতা পাইবেন।

(চ) দৈনিক ভাতা—

- (১) পরিষদের কাজে পার্বত্য চট্টগ্রামের অভ্যন্তরে ভ্রমণ করিলে অথবা পরিষদের অধিবেশন চলাকালীন বা কমিটির বৈঠকের সময়ে দৈনিক ১৫০ (একশত পঞ্চাশ) টাকা পাইবেন;
- (২) পরিষদের কাজে পার্বত্য চট্টগ্রামের বাহরে ভ্রমণ করিলে দৈনিক ২০০ (দুইশত) টাকা পাইবেন।

(ছ) টেলিফোন-পরিষদ সদস্যগণের বাসভবনের জন্য টেলিফোন প্রাধিকার থাকিবে।  
প্রতিমাসে টেলিফোন ব্যবহারের বিল বাবদ ২,০০০ (দুই হাজার) টাকা পাইবেন।

(জ) গাড়ী-পরিষদের কাজে পরিষদের গাড়ী ব্যবহারের সুযোগ পাইবেন।

৫। সংশোধনঃ প্রয়োজনবোধে এ প্রিবিধানমালা সংশোধন করা যাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি  
সচিব।